

মেডিকেল ভর্তি পরীক্ষা আজ

■ সমকাল প্রতিবেদক

মেডিকেল কলেজগুলোয় ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষা আজ শুক্রবার অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে ঘণ্টাব্যাপী সারাদেশে একযোগে চলবে এ পরীক্ষা। এবার ভর্তি পরীক্ষায় ৮২ হাজার ৮৫৬ শিক্ষার্থী অংশ নিচ্ছেন। এ জন্য সর্বাঙ্গিক প্রস্তুতি সম্পন্ন করেছে স্বাস্থ্য অধিদপ্তর। গতকাল বৃহস্পতিবার সকাল ৭টা থেকে কেন্দ্রে কেন্দ্রে প্রস্তুত পাঠানোর কাজ শুরু হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন কেন্দ্র পরিদর্শনে যাবেন। এ ছাড়া সুশীল সমাজের প্রতিনিধি, সম্পাদক ও বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত কমিটির সদস্যরা পরিদর্শন করবেন বিভিন্ন কেন্দ্র।

স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা, শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. আবদুর রশীদ সমকালকে জানান, মেডিকেল কলেজের অধ্যক্ষ অথবা তাদের প্রতিনিধি এবং ম্যাজিস্ট্রেটের মাধ্যমে কেন্দ্রগুলোতে প্রস্তুত পাঠানোর দায়িত্ব দেওয়া হয়েছে। সরকারি ট্রেজারি সিলগালা প্রস্তুত পুলিশ ■ পৃষ্ঠা ১৭: কলাম ১

মেডিকেল ভর্তি

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

সদস্যদের কড়া নিরাপত্তায় পাঠানো হচ্ছে। প্রস্তুতের প্রত্যেকটি ট্রাক্ক অধিদপ্তর থেকে তথ্যপ্রযুক্তির সহায়তায় করা হচ্ছে ট্র্যাকিং। শুক্রবার পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে প্রস্তুত সরকারি ট্রেজারি থেকে কেন্দ্রে পৌঁছানো হবে।

অধ্যাপক রশীদ আরও জানান, ঢাকার মধ্যে থাকা কেন্দ্রগুলোর প্রস্তুত ইতিমধ্যে সরকারি ট্রেজারিতে জমা করা হয়েছে। অন্যগুলোর বৃহস্পতিবার রাতের মধ্যে জমা হবে। স্বাস্থ্য অধিদপ্তর সূত্র জানিয়েছে, রাজধানীর পাঁচটি কেন্দ্র ছাড়াও বিভাগীয় ও জেলা শহরের ১৫ কেন্দ্রের ৩৪টি ভেন্যুতে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৩১টি সরকারি মেডিকেল কলেজে ৩ হাজার ৩১৮ জন এবং বেসরকারি মেডিকেল কলেজে ৬ হাজার ২৫ শিক্ষার্থী এবার ভর্তির সুযোগ পাবেন।